# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- ............................................ তারিখ: ..........................

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : জনাব মোঃ মনোয়ারুল ইসলাম
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
শহীদ আব্দুল খালেক উচ্চ বিদ্যালয়,
ডাক : খিদিরপুর বাজার, উপজেলা : আটঘরিয়া, জেলা : পাবনা।

বিষয় : **জনাব মোঃ আফজাল হোসেন খানকে প্রধান শিক্ষকের দায়িত্বভার হস্তান্তর প্রসঙ্গে।**

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৪৩.৭৬০৫.০০০.৩২.০০৮.১৮-৪৯১
তারিখ-০৬/০৫/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া, পাবনা এর তদন্ত প্রতিবেদনে প্রধান শিক্ষক জনাব মোঃ আফজাল হোসেন খান এর সাময়িক বরখাস্ত বিধি সম্মত হয়নি মর্মে উল্লেখ করা হয়েছে। তাছাড়া পূর্বেই ০৬ (ছয়) জন সদস্য পদত্যাগ করায় ১৭/০১/২০১৮ তারিখ প্রধান শিক্ষকের সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত বিধি সম্মত হয়নি মর্মে অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টাও মতামত দিয়েছেন। বিধায় পত্র প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে প্রধান শিক্ষক জনাব মোঃ আফজাল হোসেন খান এর নিকট দায়িত্ব হস্তান্তর পূর্বক বোর্ডকে অবহিত করার নির্দেশ দিয়ে অত্র বোর্ডের স্মারক নং-৪/এস/০৭/১৭৮ তারিখ ১৭/০৫/২০১৮ এর মাধ্যমে আপনাকে পত্র দেয়া হয়েছিল। কিন্তু স্কুল বন্ধ থাকায় উক্ত পত্র টি ফেরৎ এসেছে। বিধায় জরুরী ভিত্তিতে প্রধান শিক্ষকের নিকট দায়িত্বভার হস্তান্তরের নির্দেশ দেয়া হ'ল।

চেয়ারম্যানের আদেশক্রমে

২৭/৬/১৮

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

স্মারক নং- ০৪/এস/৭/২৫৫৭ তারিখ: ২৭.৬.১৮

**<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল</u>** :-

১। উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া, পাবনা।
২। জেলা শিক্ষা অফিসার, পাবনা।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটঘরিয়া, পাবনা।
৪। প্রধান শিক্ষক, শহীদ আব্দুল খালেক উচ্চ বিদ্যালয়,
ডাক : খিদিরপুর বাজার, উপজেলা : আটঘরিয়া, জেলা : পাবনা।
৫। ম্যানেজার সোনালী ব্যাংক লিমিটেড, আটঘরিয়া শাখা , জেলা : পাবনা।

২৭/৬/১৮

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

SCHOOL_G/Rizaul-_F.D.R-peg/391

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- ............................................ তারিখঃ ............................

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
শহীদ আব্দুল খালেক উচ্চ বিদ্যালয়
ডাক : খিদিরপুর বাজার, উপজেলা/থানাঃ আটঘরিয়া , জেলা : পাবনা।

**বিষয় : মহামান্য হাইকোর্টের আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র : মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট পিটিশন নং-৪৭১১/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট দায়েরকৃত রীট পিটিশন নং-৪৭১১/২০১৮ এর ০৪/০৪/২০১৮ তারিখের আদেশে অনুযায়ী পাবনা জেলার আটঘরিয়া উপজেলাধীন শহীদ আব্দুল খালেক উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া সংক্রান্ত বোর্ড কর্তৃক ইস্যুকৃত স্মারক নং-৪/এস/০৭/২০১৫ তারিখ ২৫/০৩/২০১৮ এর পত্রের কার্যকারিতা ০৪/০৪/২০১৮ তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য স্থগিত করা হয়েছে। বিষয়টি আপনাকে অবহিত করা হ'ল।

চেয়ারম্যানের আদেশক্রমে

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

স্মারক নং- ........................................ তারিখ: ..............................

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'লঃ-</u>

১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী ।
২। উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া, পাবনা।
৩। জেলা শিক্ষা অফিসার, পাবনা।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটঘরিয়া, পাবনা।
৫। জনাব মোঃ ইকবাল হোসেন শেখ
সভাপতি, ম্যানেজিং কমিটি
শহীদ আব্দুল খালেক উচ্চ বিদ্যালয়
ডাক : খিদিরপুর বাজার, উপজেলা/থানাঃ আটঘরিয়া , জেলা : পাবনা।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

SCHOOL_G/Rizaul-_Mamla _01-peg/159

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd


স্মারক নং- ১। প্রস/৩৩/ ২০১৪ তারিখ: ২৮/০৬/২০১৮

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : জনাব মোঃ জালাল উদ্দিন মন্ডল
সভাপতি, ম্যানেজিং কমিটি
তেলকুপি উচ্চ বিদ্যালয়,
ডাক : বৈদ্যবেলঘরিয়া, উপজেলা : নাটোর সদর , জেলা : নাটোর।

**বিষয় : ম্যানেজিং কমিটির সভাপতির পদ কেন বাতিল করা হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।**

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৪৩.৬৯৬৩.০০০.৩২.১৫১.১৮.২৮৮তারিখ-১২/০৬/২০১৮ এবং জেলা শিক্ষা অফিসারে কার্যালয়ের স্মারক নং-জেশিঅ/নাট/২০১৮/৩৭১ তারিখ: ১২/০৬/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর, নাটোর এবং জেলা শিক্ষা অফিসার, নাটোর এর তদন্ত প্রতিবেদনে বাল্য বিবাহের মত আইনবিরোধী কাজে সংশ্লিষ্ট থাকা, শিক্ষক/শিক্ষিকাদের লাঞ্চিতকরণ ও হুমকি প্রদান, অনিয়মতান্ত্রিকভাবে চেক গ্রহণ ও আর্থিক অনিয়ম, প্রতিষ্ঠানের জমির লিজকৃত টাকা নিজের কাছে জমা রাখা, ক্ষমতার অপপ্রয়োগসহ বিদ্যালয়ের স্বার্থ পরিপন্থী বহুবিধ কাজে আপনার সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গেছে। যা বিদ্যালয়ের সুষ্ঠ পরিবেশ বজায় রাখার ক্ষেত্রে মারাত্মকভাবে ক্ষতিকর বলে প্রতীয়মান হচ্ছে।

বিধায়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী প্রবিধানমালা ২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী আপনার সভাপতির পদ কেন বাতিল করা হবে না তার জবাব পত্র জারীর তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিলের নির্দেশ দেয়া হ'ল।

অন্যথায় আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে
২৮/৬/১৮
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,রাজশাহী।
০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

স্মারক নং- ........................ তারিখ: ২৮/০৬/২০১৮

<u>অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :</u>

১। জেলা প্রশাসক, নাটোর।
২। উপজেলা নির্বাহী অফিসর, নাটোর সদর, নাটোর।
৩। জেলা শিক্ষা অফিসার, নাটোর।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাটোর সদর, নাটোর।
৫। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।
০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)